তারিখ ... 3 [illegible] ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

দৈনিক
জনকণ্ঠ

# এইচএসসি ও সমমান পরীক্ষা ২ এপ্রিল শুরু

**স্টাফ রিপোর্টার ।** আগামী ২ এপ্রিল শুরু হচ্ছে এ বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা। লিখিত পরীক্ষা শেষ হবে ১৫ মে। বৃহস্পতিবার পরীক্ষার সময়সূচী অনুমোদন দিয়েছে, শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.moedu.gov.bd) বিস্তারিত সময় সূচী পাওয়া যাচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের কলেজ শাখার কর্মকর্তারা জানিয়েছেন, আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির পক্ষ থেকে একাধিক সময়সূচী অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে জমা দেয়া হয়েছিল। বৃহস্পতিবার তারই একটি অনুমোদন দিয়ে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সময়সূচীতে দেয়া নির্দেশনা অনুযায়ী, এসএসসির মতো এইচএসসিতে প্রথমে বহুনির্বাচনী (এমসিকিউ) ও পরে সৃজনশীল বা রচনামূলক (তত্ত্বীয়) অংশের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ৩০ নম্বরের এমসিকিউ অংশের সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল অংশের সময় আড়াই ঘণ্টা নির্ধারণ করা হয়েছে।

তবে ব্যবহারিক থাকা বিষয়ে পরীক্ষার ক্ষেত্রে ২৫ নম্বরের এমসিকিউ অংশের সময় ২৫ মিনিট এবং ৫০ নম্বরের সৃজনশীল অংশের জন্য সময় দুই ঘণ্টা ৩৫ মিনিট নির্ধারণ করা হয়েছে। এমসিকিউ ও সৃজনশীল উভয় অংশের মাঝে কোন বিরতি থাকবে না। পরীক্ষা শুরুর ১৫ মিনিট আগে অলিখিত উত্তরপত্র ও বহুনির্বাচনীর ওএমআর শিট দেয়া হবে। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির সভাপতি অধ্যাপক মাহবুবুর রহমান বলেছেন, এবার এইচএসসি ও সমমানের পরীক্ষা নেয়ার সময় কমানো হয়েছে, আগামীতে এই সময় আরও কমিয়ে আনা হবে।